# জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর সংক্ষিপ্ত পরিচিতি ও ২০১৯-২০ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

## ১. সংক্ষিপ্ত পরিচিতিঃ

জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত একটি সরকারি প্রতিষ্ঠান। গ্রন্থাগারটি শেরপুর শহরের প্রাণকেন্দ্রে ১৯২৬ সালে রিডিং ক্লাব নামে (বেসকারিভাবে) যাত্রা শুরু করে। 'জেলা পাবলিক লাইব্রেরি সমূহের উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)'এর মাধ্যমে (১৯৮৭-১৯৯১) গ্রন্থাগারটি সরকারিকরণ করা হয়। ১৯৯১ সালের জুলাই মাস থেকে প্রতিষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হওয়ার মাধ্যমে পূর্ণাঙ্গ সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। বর্তমানে গ্রন্থাগারটি শেরপুর শহরের মাধবপুর মহল্লায় ৩৩ শতাংশ জমির উপর ৫০০০ বর্গফুটের একতলা বিশিষ্ট নিজস্ব ভবনে কার্যক্রম পরিচালনা করছে।

## ২. কর্মকর্তা/কর্মচারীদের তথ্যঃ

অত্র দপ্তরে অনুমোদিত পদ ০৮ টি (আটটি) তন্মধ্যে ০৪ টি (চারটি) পদে জনবল নিয়োজিত রয়েছে। পদগুলো নিম্নরূপ:

| ক্রমিক | নাম | পদবী | বেতন গ্রেড | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | সাজ্জাদুল করিম | লাইব্রেরিয়ান | ৯ম | ০১৭৯০৫৮৮৪৫৮ | dplsherpur@gmail.com (অফিস) |
| ২ | আকলিমা বেগম | জুনিয়র লাইব্রেরিয়ান | ১২শ | ০১৯১৭৪১১০৫৮ | lima.sherpur@gmail.com |
| ৩ | শূণ্য | টেকনিক্যাল এসিস্টেন্ট (ক্যাটালগার) | ১৩শ | শূণ্য | শূণ্য |
| ৪ | আবু হাসেম | লাইব্রেরি সহকারি | ১৬শ | ০১৯১৪৭৯২৮৮১ | abuhashem0506@gmail.com |
| ৫ | শূণ্য | ডাটা এন্ট্রি অপারেটর | ১৬শ | শূণ্য | শূণ্য |
| ৬ | শূণ্য | বুক সর্টার | ১৯শ | শূণ্য | শূণ্য |
| ৭ | মো: তমিজ আলী | অফিস সহায়ক | ২০শ | ০১৯১১৩১৫৬২১ | --- |
| ৮ | শূণ্য | নৈশপ্রহরী | ২০শ | শূণ্য | শূণ্য |

## ৩. উল্লেখযোগ্য কার্যক্রমঃ

| ক্রমিক | উল্লেখযোগ্য কার্যক্রম | আমাদের অর্জন |
|---|---|---|
| ১ | পুস্তক সংগ্রহ ও সংরক্ষণ | ২০১৯-২০ অর্থবছরে গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ১৩০০ টি (কম/বেশি) পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ, অন্তর্ভূক্তি রেজিস্ট্রারে তালিকাবদ্ধকরণ ও পাঠকক্ষে প্রেরণ করা হয়েছে। |
| ২ | সদস্য সংগ্রহ | ১৩৮ জন নতুন পাঠককে গ্রন্থাগারের সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে। উল্লেখ্য এপর্যন্ত গ্রন্থাগারের নিবন্ধিত মোট সদস্য সংখ্যা ৬৯৫ জন। |
| ৩ | পাঠ সেবা | ২০১৯-২০ অর্থবছরে ৪৭,৯৯০ জন সেবাগ্রহীতাকে পাঠ সেবা (বইপাঠ/পুস্তক লেনদেন/দৈনিক পত্রিকা/সাময়িকী পাঠ/পুরাতন পত্রিকা সেবা) প্রদান করা হয়েছে। |
| ৪ | রেফারেন্স সেবা | ২০১৯-২০ অর্থবছরে মোট ২,৩০০ জন সেবাগ্রহীতাকে রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। |
| ৫ | সম্প্রসারণমূলক সেবা | ২০১৯-২০ অর্থবছরে পাঁচটি (০৫) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট দশটি (১০) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ২৫০ জন প্রতিযোগি অংশগ্রহণ করে। |
| ৬ | তথ্য-প্রযুক্তি সেবা | ২০১৯-২০ অর্থবছরে মোট ৭৯০ জন সেবা গ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। তাছাড়া অত্র দপ্তরের দাপ্তরিক নথিপত্র সংক্রান্ত কার্যাবলি ১০০% ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। সেইসাথে নিজস্ব ওয়েব-পোর্টাল (publiclibrary.sherpur.gov.bd) প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। |
| ৭ | প্রাতিষ্ঠানিক সেবা | ২০১৯-২০ অর্থবছরে চারটি (০৪) বেসরকারি গ্রন্থাগারকে তালিকাভূক্ত করা হয়েছে। |
| ৮ | ভ্রাম্যমান লাইব্রেরি সেবা | ২০১৯-২০ অর্থবছরে 'দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি' প্রকল্পের অধীনে শেরপুর জেলায় ২৮৪ জন নতুন পাঠক সংগ্রহ করা হয়েছে। বর্তমানে জেলার চারটি উপজেলার মোট ৪৪ টি স্পটে এই সেবা প্রদান করা হচ্ছে। |

| | | |
|---|---|---|
| ৯ | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২০ উদযাপন | যথাযোগ্য মর্যাদায় ০৫ ফেব্রুয়ারি তারিখে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২০ উদযাপন করা হয়েছে। |
| ১০ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | গণগ্রন্থাগার অধিদপ্তর, জেলা প্রশাসন ও লাইব্রেরিজ আনলিমিটেড প্রকল্পের ব্যবস্থাপনায় অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগন বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ও শিক্ষা-সফরে অংশগ্রহন করেছে। |
| ১১ | উদ্ভাবনী উদ্যোগ | ২০১৯-২০ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রমের মধ্যে মাসিক সাহিত্য আড্ডা, টয় ব্রিকস কার্যক্রম ও কোডিং ক্লাব বাস্তবায়ন করা হয়েছে। |
| ১২ | ক্ষুদ্র-ক্ষুদ্র কর্মসূচী | এই কার্যক্রমের আওতায় গ্রন্থাগার সেবা সম্পর্কিত লিফলেট/প্রচারপত্র বিতরণ এবং গ্রন্থাগার ভবন সিসি ক্যামেরার অন্তর্ভূক্ত করা হয়েছে। |
| ১৩ | গ্রন্থ-প্রদর্শনী | বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে মোট দুইটি (০২) গ্রন্থ-প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। |
| ১৪ | মেলায় অংশগ্রহণ | জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত নয় (০৯) দিন-ব্যাপী অমর একুশে বই মেলা-২০২০-এ অংশগ্রহণ করা হয়েছে। |
| ১৫ | মুজিব বর্ষের কার্যক্রম | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গ্রন্থাগার চত্বর পরিচ্ছন্নকরণ, ফুল বাগান নির্মাণ এবং গ্রন্থাগারের কার্যক্রম সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে প্রচারণামূলক লিফলেট ও পোস্টার বিতরণ করা হয়েছে। |
| ১৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর ও লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুরের মধ্যে স্বাক্ষরিত ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। |
| ১৭ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়েছে। |
| ১৮ | সেবা সহজিকরণ | সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, ইউটিউব) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদি, প্রতিবেদন, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা; রেফারেন্স সেবা; গ্রন্থ-পর্যালোচনা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে। |
| ১৯ | বেসরকারি গ্রন্থাগার পরিদর্শন | ২০১৯-২০ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে শেরপুর জেলার ২০ টি বেসরকারি গ্রন্থাগার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ২০ | ক্যাটালগিং ও ক্লাসিফিকেশন | গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনানুযায়ী ১৫৬০ টি পুস্তকের ক্লাসিফিকেশন ও গ্রন্থপঞ্জিগত তথ্য সংরক্ষণ করা হয়েছে। |
| ২১ | লাইব্রেরি ক্যাম্পেইন প্রোগ্রাম বাস্তবায়ন | 'Libraries Unlimited' প্রকল্পের Active Citizen কর্মসূচীর আওতায় মনোনীত স্বেচ্ছাসেবকদের সহায়তায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারে উদ্বুদ্ধ করতে শেরপুর শহরের পাঁচটি (০৫) প্রাথমিক বিদ্যালয়ে ক্যাম্পেইন করা হয়। |
| ২২ | কোডিং ওয়ার্কশপ ও টয় ব্রিকস উদ্বোধন কর্মসূচী বাস্তবায়ন | 'Libraries Unlimited' প্রকল্পের সহায়তায় দিনব্যাপী কোডিং ওয়ার্কশপ ও টয় ব্রিকস উদ্বোধন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে যেখানে শেরপুর শহরের ১৫ টি বিদ্যালয়ের ১৮০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। |
| ২৩ | বিবিধ | জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন ও গুরুত্বপূর্ণ কার্যক্রমে অংশগ্রহন করা হয়েছে। |

৩০/০৬/২০২০

**(সাজ্জাদুল করিম)**
লাইব্রেরিয়ান
ফোন : ০৯৩১-৬১৬১৪
ই-মেইল : dplsherpur@gmail.com